

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 08-11-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য পরিষেবা এবং পরিকাঠামো উন্নয়নকে রাজ্য সরকার সর্বাধিক গুরুত্ব দিয়ে কাজ করছে।
- (২) জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, রাজ্যে আরো পনেরোটি একলব্য মডেল বেসিডেমিয়াল স্কুল স্থাপনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বন্দে ভারত, নমো ভারত এবং অমৃত ভারতের মতো ট্রেনগুলি ভারতীয় রেলের পরবর্তী প্রজন্মের ভিত্তি স্থাপন করছে।
- (৪) সংসদের শীতকালীন অধিবেশন আগামী পয়লা ডিসেম্বর শুরু হবে।
- (৫) ত্রিপুরা ও আসামের মধ্যে বঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে।

\*\*\*\*\*

**CM-API :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, আগরতলায় ক্যাপিটাল কমপ্লেক্স এলাকায় একটি অত্যাধুনিক চক্ষু হাসপাতাল গড়ে তোলার কাজ শীঘ্রই শুরু হবে। আজ ত্রিপুরা মেডিকেল কলেজে আয়োজিত অ্যাসোসিয়েশন অফ ফিজিশিয়ান অফ ইন্ডিয়ার রাজ্য শাখার ২৫তম বার্ষিক সম্মেলন উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যের স্বাস্থ্য পরিষেবা এবং পরিকাঠামো উন্নয়নকে রাজ্য সরকার সর্বাধিক গুরুত্ব দিয়ে কাজ করছে। জিবি এবং আই.জি.এম হাসপাতালের পাশাপাশি রাজ্যের সমস্ত জেলা ও মহকুমা হাসপাতালগুলোর পরিকাঠামো এবং পরিষেবা উন্নয়নে

যথেষ্ট গুরুত্ব দিয়ে কাজ করা হচ্ছে। মুখ্যমন্ত্রী আরো বলেন, মেডিকেল অ্যাসোসিয়েশনগুলির মাধ্যমে চিকিৎসকরা নিজেদের মধ্যে তাদের অভিজ্ঞতার আদান প্রদান করতে পারে।

দুদিনব্যাপী বার্ষিক সম্মেলনে রাজ্যের স্বনামধন্য চিকিৎসক ডা. বিজয় পাল, ডা. পীযুষ কুমার দত্ত, ডা. তুষার কান্তি দে এবং ডা. গৌতম রায় চৌধুরীকে লাইফ টাইম এচিভমেন্ট অ্যাওয়ার্ড প্রদান করা হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন অ্যাসোসিয়েশন অফ ফিজিশিয়ান অফ ইন্ডিয়া এর ত্রিপুরা শাখার সম্পাদক ডা. সৌমেন চৌধুরী, অ্যাসোসিয়েশনের জাতীয় সভাপতি অধ্যাপক ডা: জ্যোতির্ময় পাল প্রমুখ।

\*\*\*\*\*

#### **CM-AGMC :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, স্বাস্থ্য পরিষেবার উন্নতি হওয়ায় রাজ্যে শিশু মৃত্যুর হার ও গর্ভকালীন অবস্থায় মায়ের মৃত্যুর হার অনেকটাই হ্রাস পেয়েছে। আজ আগরতলা সরকারি মেডিকেল কলেজে অ্যাসোসিয়েশন অব সার্জন অব ইন্ডিয়ার ত্রিপুরা চ্যাপ্টারের ১৯তম বার্ষিক সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যে এখন সাফল্যের সঙ্গে কিডনি প্রতিস্থাপনের কাজও করা হচ্ছে। এখানে লিভার প্রতিস্থাপনের কাজও যাতে করা যায় তারজন্য চেষ্টা চলছে। রাজ্যের চিকিৎসা ব্যবস্থার প্রতি বিশ্বাস রাখতে তিনি জনগনের প্রতি আহ্বান জানান।

#####Byte-CM#####

\*\*\*\*\*

#### **Minister Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, রাজ্যে আরো পনেরোটি একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুল স্থাপনে অনুমোদন দিতে কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। তিনি আজ ঊনকোটি জেলার কুমারঘাটে একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলটি পরিদর্শনকালে একথা

বলেন। তিনি বলেন, রাজ্যের ছাত্রাবাসগুলিতে শীঘ্রই ১৭০ জন হোস্টেল সুপার নিয়োগ করা হবে। তিনি বলেন, অন্ধ্রপ্রদেশের মতো রাজ্যেও আগামীদিনে জনজাতি বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য কেন্দ্রীয় জনজাতি কল্যাণ মন্ত্রী জুয়েল ওরামের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। একলব্য স্কুল পরিদর্শনকালে তিনি অভিভাবক ও শিক্ষকদের নিয়ে বৈঠক করেন। এখানকার সুবিধা অসুবিধা সম্পর্কে অবহিত হন।

\*\*\*\*\*

### **Boarding House Inauguration :**

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেবর্মা আজ ধলাই জেলার কমলপুরের জন্মুমে জন্মুমে ইংলিশ মিডিয়াম উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের সঙ্গে সংযুক্ত জনজাতি ছাত্রীদের বোর্ডিং হাউসের উদ্বোধন করেন। তিনি বলেন এই ধরনের প্রচেষ্টা বিশেষ করে গ্রামীণ ও প্রত্যন্ত অঞ্চলের মেয়েদের শিক্ষা এবং ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তিনি বলেন শিক্ষা সমতার চাবিকাঠি এবং এই মহৎ পদক্ষেপ অবশ্যই ত্রিপুরায় মেয়েদের শিক্ষাকে সমর্থন অব্যাহত রাখতে অনেককে অনুপ্রাণিত করবে।

\*\*\*\*\*

### **World Radiography Day :**

বিশ্ব রেডিওগ্রাফি দিবস উপলক্ষ্যে আজ ইন্ডিয়ান সোসাইটি অফ রেডিওগ্রাফার এন্ড টেকনোলজিস্ট, AMRIT এবং ত্রিপুরা ইনস্টিটিউট অফ প্যারামেডিকেল সায়েন্সের উদ্যোগে একটি সচেতনতামূলক রেলির আয়োজন করা হয়। রেলিটি আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণ থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। রেলিটির পরিচালন কমিটির আহ্বায়ক রাহুল পাল জানান প্রতি বছর ৮ই নভেম্বর, এক্স-রেডিয়েশনের আবিষ্কারক বিজ্ঞানী উইলহেম কনরাড রন্টজেনকে সম্মান জানাতে এবং রেডিওগ্রাফি দিবস সম্পর্কে সবাইকে অবহিত করতে দিনটি পালন করা হয়।

\*\*\*\*\*

## Vanda Mataram-Gomati :

বন্দেমাতরম সঙ্গীত রচনার দেড়শ বছর পূর্তি উপলক্ষে আজ বিজেপি গোমতি জেলা কমিটির উদ্যোগে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উদয়পুরে রাজর্ষি হলে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। তিনি বলেন, এই সংগীতের মাধ্যমে নতুন প্রজন্মকে দেশাত্মবোধে জাগ্রত করার এক অন্যতম মাধ্যম। উপস্থিত ছিলেন গোমতি জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার প্রমুখ। অনুষ্ঠানে স্বাধীনতা সংগ্রামীদের চারটি পরিবারের সদস্যদের সংবর্ধনা দেওয়া হয়।

\*\*\*\*\*

## Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

## PM, Vande Bharat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বন্দে ভারত, নমো ভারত এবং অমৃত ভারতের মতো ট্রেনগুলি ভারতীয় রেলের পরবর্তী প্রজন্মের ভিত্তি স্থাপন করেছে। উত্তর প্রদেশের বারাণসী থেকে চারটি নতুন বন্দে ভারত এক্সপ্রেস

ট্রেনের যাত্রা শুরু করার পর প্রধানমন্ত্রী সমাবেশে ভাষণ দিচ্ছিলেন। তিনি দেশের প্রধান অঞ্চলগুলিতে যোগাযোগ বৃদ্ধির জন্য ভারুয়াল ভাবে বারাণসী রেলওয়ে স্টেশন থেকে বেনারস-খাজুরাহো বন্দে ভারত ট্রেনের যাত্রা শুরু করেন, পাশাপাশি লখনউ-সাহারানপুর, ফিরোজপুর-দিল্লি এবং এর্নাকুলাম-বেঙ্গালুরু রুটের বন্দেমাতরম ট্রেনের যাত্রার সূচনা করেন।

ভারতীয় রেলপথ সংস্কারের গুরুত্ব তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, এখন বিদেশী পর্যটকরাও বন্দে ভারত ট্রেন দেখে বিস্মিত হন। শ্রী মোদী উল্লেখ করেন যে দেশে এখন ১৬০ টিরও বেশি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন চলাচল করছে এবং এই সাফল্যের জন্য তিনি দেশের নাগরিকদের অভিনন্দন জানান।

#####Byte-PM#####

কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো এবং উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

#### **Parliament, Winter Session :**

সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু আজ জানিয়েছেন, সংসদের শীতকালীন অধিবেশন আগামী যে পয়লা ডিসেম্বর শুরু হবে। অধিবেশন চলবে ১৯শে ডিসেম্বর পর্যন্ত। শ্রী রিজিজু সামাজিক মাধ্যমে জানান যে, গণতন্ত্রকে শক্তিশালী করবে এবং দেশবাসীর আকাঙ্ক্ষা পূরণ করবে এমন একটি গঠনমূলক ও ফলপ্রসূ অধিবেশনের জন্য সরকার অপেক্ষা করছে।

\*\*\*\*\*

#### **Assam's First Technical and Vocational University :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আজ আসামের বিশ্বনাথ জেলার ভোলাগুড়িতে রাজ্যের প্রথম কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এই শহীদ কনকলতা বড়ুয়া রাষ্ট্রীয়

বিশ্ববিদ্যালয়টি মোট ২৪১ একর জমিতে নির্মিত হবে। অনুষ্ঠানে আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মাও উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

#### **Agri Scientist :**

ভারতীয় কৃষি গবেষণা পরিষদের চার জন বিজ্ঞানী আজ গোমতি জেলার টেপানিয়া ব্লকের বাগমায় কৃষি জমি পরিদর্শন করেন। তারা অধিক পরিমাণে ধান এবং ডাল শস্য উৎপাদনের পদ্ধতি সম্পর্কে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ দেন। কৃষি বিজ্ঞানীদের মধ্যে ছিলেন ড: কৃষ্ণ নায়েক, ড: বাসভারাজু বি, ড: কল্যাণ রাও, ড: রাহুল কুমার।

\*\*\*\*\*

#### **Sharad Samman :**

ডুকলি পঞ্চায়েত সমিতি ও তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ ডুকলি ব্লক ভিত্তিক শারদ সন্মান অনুষ্ঠানের আয়োজন করা হয়। ডুকলি পঞ্চায়েত সমিতির মিলনায়তনে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, ডুকলি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বুলন সাহা প্রমুখ।

\*\*\*\*\*

#### **Ranji Trophy :**

ত্রিপুরা ও আসামের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। এম বি বি স্টেডিয়ামে টেসে জিতে আসাম প্রথমে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেয়। ব্যাট করতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ৪ উইকেট হারিয়ে ৩১৬ রান সংগ্রহ করে। দলের পক্ষে হনুমা বিহারী অপরাজিত ১৪৩ রান করেন। এছাড়া সেন্টু সরকার ৯৪ ও শ্রীদাম পাল ৩৮ রান করেন।

\*\*\*\*\*

### **State Meet Swimming :**

উদয়পুরের বিমল সিনহা মেমোরিয়াল সুইমিং পুলে ৩২তম সাব-জুনিয়র, জুনিয়র ও ৫৬তম সিনিয়র গ্রুপের রাজ্যভিত্তিক সাঁতার প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে। গোমতী জেলা সুইমিং এসোসিয়েশনের উদ্যোগে তিন দিনব্যাপী এই প্রতিযোগিতার উদ্বোধন করেন বিধানসভার উপাধ্যক্ষ রাম প্রসাদ পাল। উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায়, বিধায়ক রামপদ জমাতিয়া ও গোমতী জেলার জিলা পরিষদের সভাপতি দেবল দেব রায় প্রমুখ। প্রতিযোগিতায় রাজ্যের সাত জেলার একশ পনের জন সাঁতারু অংশ নিয়েছে।

\*\*\*\*\*

### **ISSF World Championship :**

মিশরে অনুষ্ঠিত আইএসএসএফ বিশ্ব চ্যাম্পিয়নশিপে পুরুষদের ৫০ মিটার পিস্তল ইভেন্টে ভারতীয় শ্যুটার রবীন্দ্র সিং স্বর্ণপদক জিতেছেন। ৫৬৯ স্কোর করে রবীন্দ্র তার প্রতিদ্বন্দ্বীদের পিছনে ফেলে শীর্ষস্থান দখল করেছেন। রবীন্দ্র সিং, কমলজিৎ এবং যোগেশ কুমারের ভারতীয় ত্রয়ী পুরুষদের ৫০ মিটার পিস্তল দল ইভেন্টে রৌপ্য পদক জিতেছেন, মোট ১৬৪৬ পয়েন্ট নিয়ে।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২.৯ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*